FEB 12 2004
তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ...

দৈনিক ইত্তেফাক

# প্রতিষ্ঠার ২৮ বছর পরও ঢাকা ল' কলেজ একটি আশ্রিত প্রতিষ্ঠান

নাজমুল হাসান ॥ প্রতিষ্ঠার দীর্ঘ ২৮ বৎসর পরও ঢাকা ল কলেজের নিজস্ব কোন অবয়ব গড়িয়া তোলার পরিবর্তে রহস্যজনকভাবে ইহাকে একটি আশ্রিত প্রতিষ্ঠান হিসারে টিকাইয়া রাখা হইয়াছে। সুষ্ঠু ও বাস্তবসম্মত পরিকল্পনার অভাবে এবং কলেজ কর্তৃপক্ষের অদক্ষতা, খামখেয়ালিপনা এবং সর্বোপরি ইহাকে একটি পকেটস্থ প্রতিষ্ঠান হিসাবে চালাইয়া যাওয়ার মানসিকতা বজায় থাকায় ঢাকা ল কলেজ ২৮ বৎসরেও নিজস্ব ক্যাম্পাসে নিজস্ব ব্যবস্থাপনায় একটি পূর্ণ আইন শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে গড়িয়া উঠিতে পারে নাই এদিকে প্রতি বৎসর শত শত ছাত্র-ছাত্রী এই কলেজে ভর্তি হইয়া এলএলবি কোর্স সমাপ্ত করিয়াছে এবং তাহাদের বেতন বাবদ বিরাট অংকের টাকা কলেজ ফান্ডে জমা হইয়াছে। সম্প্রতি ঢাকা ল কলেজ সম্পর্কে জাতীয় বিশ্ববিদ্যালয় পরিচালিত এক তদন্ত

(১৩শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রতিষ্ঠার ২৮ বৎসর পরও

(৩য় পৃঃ পর)

প্রতিবেদনে এই তথ্য পাওয়া যায়। মাসিক মা
১৫০ টাকা ভাড়ায় মতিঝিল সরকারী উচ্চ
্যালয়ের ৪টি কক্ষ ব্যবহারের মাধ্যমে ১৯৭
ল ঢাকা ল কলেজের যাত্রা শুরু হয়। দীর্ঘ ২৮
সর পর এখন পর্যন্ত একই স্কুলের ৪টি কক্ষে
ই ভাড়ায় এই কলেজ পরিচালিত হইতেছে
া ল কলেজের নিজস্ব কোন অফিস কক্ষ ব
সবাবপত্র পর্যন্ত নাই। মতিঝিল সরকারী উচ্চ
্যালয়ের শিক্ষক কমন রুমকে সান্ধ্যকালী
য়ে ঢাকা ল কলেজের অফিস রুম হিসাবে
হার করা হয়। স্কুলের অফিস রুমে স্কুলের
মারির সহিত রাখা ২/৩টি আলমারিকে
ন্ত টিমের নিকট কলেজের আলমারি হিসাবে
ান হইয়াছে। কলেজের কোন লাইব্রেরী নাই
স্বাভাবিক বেতনের চাইতে বেশী বেতনে
জন পূর্ণকালীন লাইব্রেরীয়ান এই কলেজে
রত আছেন। শর্তাদি পূরণ না করায় ঢাক
বিদ্যালয় একবার কলেজের অধিভুক্তি বাতিল
য়াছিল। পরে পুনরায় অধিভুক্তি বহাল কর
। ২ বৎসর পূর্বে তোপখানা এলাকায়
লেজের নামে একটি বাড়ী ক্রয় করা হইলেও
ানে ক্লাস নেওয়ার উপযোগী পরিবেশ গড়িয়
লা হয় নাই। কলেজের কোন কার্যক্রম এই
ী হইতে পরিচালনা করা হয় না, বরং
লেজের লাইব্রেরীয়ান বিনা ভাড়ায় বাড়ীটির
তলায় সপরিবারে বসবাস করেন।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের তদন্ত প্রতিবেদনে
সকল অনিয়ম উল্লেখ করিয়া বলা হইয়াছে,
০১-২০০২ সেশন আসার পূর্বেই ৪ দফা
ারিশ বাস্তবায়ন করিতে ব্যর্থ হইলে
লজটির অধিভুক্তি বাতিল করা যাইতে পারে।
৪ দফা সুপারিশ হইতেছে ঃ ২০০১-২০০২
াবর্ষ শুরুর পূর্বেই কলেজকে নিজস্ব
্পাসে স্থানান্তর করিতে হইবে। কলেজের
করা ভবন যাহারা আবাসিক ও অন্যান্য
জ ব্যবহার করিতেছেন, তাহাদের নিকট
ত একটি নির্দিষ্ট হারে ভাড়া আদায় করিয়া
লজ ফান্ডে জমা করিতে হইবে। ২০০১-
০২ সেশন আসার পূর্বেই বিধি মোতাবেক
লজ লাইব্রেরী সাজাইতে হইবে এবং বিধি
তাবেক কলেজের শিক্ষক ও কর্মচারী নিয়োগ
য়া সম্পন্ন করিতে হইবে।

কলেজটি প্রতি বৎসর জাতীয়
বিদ্যালয়ে অধিভুক্তি নবায়ন ফি যথাসময়ে
ণ করে না। এ পরিস্থিতিতে ২০০০-২০০১
নে কলেজের অধিভুক্তি নবায়ন না করিয়া
লজ কর্তৃপক্ষ এলএলবি কোর্সে ছাত্র-ছাত্রী
করিলে সে সকল ছাত্র-ছাত্রীর রেজিস্ট্রেশন
ান্ত কোন দায়-দায়িত্ব জাতীয় বিশ্ববিদ্যালয়
করিবে না বলিয়া বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ